

## Meeting of EAM and NSA with US Special Representative for Afghanistan Reconciliation

May 07, 2020

আফগানিস্তানের সমন্বয় সাধনে আমেরিকার বিশেষ প্রতিনিধির সাথে বিদেশ মন্ত্রী এবং জাতীয় সুরক্ষা উপদেষ্টার বৈঠক

মে 07,2020

আফগানিস্তানের সমন্বয় সাধনে আমেরিকার বিশেষ প্রতিনিধি শ্রী জালমে খালিলজাদ আজ বিদেশমন্ত্রী এবং জাতীয় সুরক্ষা উপদেষ্টার সাথে সাক্ষাৎ করেছেন। ওনার সাথে আমেরিকার জাতীয় সুরক্ষা পরিষদের বরিষ্ঠ নির্দেশক শ্রীমতি লিসা কার্টিস এবং ভারতে নিযুক্ত আমেরিকার রাষ্ট্রদূত শ্রী কেন জাস্টার উপস্থিত ছিলেন।

শ্রী খালিলজাদ, আফগানিস্তানে শান্তি এবং সমন্বয় গঠনে আমেরিকার প্রচেষ্টার সর্বশেষ পরিস্থিতির বিবরণ প্রদান করেছেন। আফগানিস্তানকে অর্থনৈতিক বিকাশ, পুনর্নির্মাণ এবং মানবিক সহযোগিতায় ভারতের গঠনমূলক অবদানকে আমেরিকার তরফ থেকে স্বীকৃতি প্রদান করা হয়েছে। আফগানিস্তানে স্থায়ী শান্তি, নিরাপত্তা এবং স্থিতিশীলতা প্রদানে ভারতের মহত্বপূর্ণ এবং ধারাবাহিক ভূমিকার উপরে তারা গুরুত্ব আরোপ করেছেন।

বিদেশমন্ত্রী এবং জাতীয় সুরক্ষা উপদেষ্টা, আফগানিস্তানের হিন্দু এবং শিখ সহ আফগানিস্তানের সমাজের সকল অংশের জনগণের জন্য শান্তি, সুরক্ষা, একতা, গণতান্ত্রিক এবং সামূহিক রাজনৈতিক অধিকার সুরক্ষিত রাখার জন্য ভারতের নিরন্তর সহযোগিতার কথা পুনরায় উল্লেখ করেছেন। আফগানিস্তানে বর্ধিত হিংসার জন্য ভারত গভীরভাবে চিন্তিত এবং তাৎক্ষণিক যুদ্ধবিরতি ও কোরোনা ভাইরাসে অতিমারির সাথে লড়াই করার জন্য আফগানিস্তানের জনগণকে সাহায্য প্রদানের প্রয়োজনীয়তাকে ভারত সমর্থন করে। কোরোনা ভাইরাস থেকে উদ্ধৃত পরিস্থিতি সাম্মাল দেবার জন্য আফগানিস্তানকে খাদ্য এবং ওষুধের মানবিক সাহায্য সরবরাহ প্রদানে ভারত নিযুক্ত রয়েছে। আফগানিস্তানে স্থায়ী শান্তি এবং স্থিরতাকে নিশ্চিত করার জন্য সন্ত্রাসবাদীদের নিরাপদ আশ্রয় এবং ঠিকানার অবসানের প্রয়োজনীয়তার উপরে জোরারোপ করা হয়েছে।

নিউ দিল্লি

মে 07.2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.